



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

উন্নয়ন মেলায় সারাদেশে ইসলামিক ফাউন্ডেশনের ৪৯৪টি স্টল কাল থেকে শুরু হচ্ছে ৩ দিনব্যাপি উন্নয়ন মেলা

ঢাকা, ১০ জানুয়ারি ২০১৮, বুধবার।

প্রান্তিক পর্যায়ের জনগণের নিকট বাংলাদেশ সরকারের উন্নয়ন তৎপরতা ও সাফল্য প্রচারের লক্ষ্যে আগামীকাল থেকে শুরু হচ্ছে বাংলাদেশ সরকারের উন্নয়ন মেলা। উক্ত মেলায় সকল জেলা ও উপজেলা পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশনের মোট ৪৯৪ টি স্টল অংশগ্রহণ করবে। ১১-১৩ জানুয়ারি তিন দিনব্যাপী আয়োজিত এ মেলা ৬৪ টি জেলা ও সকল উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম ডিভিডি প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন, ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের কার্যক্রম, ইফা সিটিজেন চার্টার, গণশিক্ষা প্রকল্পের শিক্ষা উপকরণ প্রদর্শন ও ইফার বিগত ৯ বছরের কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শন করা হবে। এছাড়া ইফা প্রকাশিত কিছু বই নির্দিষ্ট কমিশনে এবং ইফার বিভিন্ন অনুষ্ঠানের ডিভিডি, ম্যাগাজিন, ডায়েরী, পত্রিকা বিক্রয় ও জেলা/উপজেলা পর্যায়ে নির্মিতব্য ৫৬০ টি মডেল মসজিদের নকশা, বায়তুল মুকাররম মসজিদের ছবি প্রদর্শন করা হবে। অন্যদিকে ইসলামিক মিশনের মাধ্যমে ৬৪ টি জেলায় বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হবে।

এছাড়া উন্নয়ন মেলা উপলক্ষে আগামীকাল (১১ জানুয়ারি) সকাল ৯ টায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের শিশুদের অংশগ্রহণে র্যালী ও শিশু সমাবেশ অনুষ্ঠিত হবে। এরপর সকাল ১০ টায় সকল উপজেলায় ইমাম প্রশিক্ষণ একাডেমী কর্তৃক মতবিনিময় সভা ও শিক্ষকদের সমন্বয় সভার আয়োজন করা হয়েছে। দেশে ইসলামের নামে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সচেতনতা তৈরির লক্ষ্যে প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম, গণশিক্ষা প্রকল্পের শিক্ষক, প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী ইমাম, আলীয়া, কওমী, পীর-মাশায়েখ, তাবলীগ অনুসারী সকল নেছাব ও ওলামায়ে কেরামগণ উক্ত মতবিনিময় সভায় অংশ নিবেন।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২